NIS-2.8 (১ম কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২৪.৭৪

তারিখ: ৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভা।**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ২২/০৯/২০২৪ তারিখ রবিবার বেলা ১২.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী এর মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের আগষ্ট/২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. বিবিধ।

১৯-০৯-২০২৪
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৫১৬৮৫
serajbsdb2012@gmail.com

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইএমইডি (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।;
২। সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।, ;
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৪। যুগ্ম সচিব , পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৫। উপসচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৭। পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৮। পরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৯। সদস্য, সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।;
১০। সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।;
১১। প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।;
১২। প্রকল্প পরিচালক, "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প;
১৩। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;

১৪। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;

১৫। কেয়ার টেকার, প্রশাসন (সভায় আপ্যায়নের জন্য অনুরোধ করা হলো।);

১৬। স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (জুম প্লাটফর্মে সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) এবং

১৭। পরিসংখ্যান কর্মকর্তা (চলতি দায়িত্ব), পরিকল্পনা শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

**"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের পিআইসি সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতিঃ | মোঃ আনওয়ার হোসেন, মহাপরিচালক |
| সভার তারিখঃ | ২২/০৯/২০২৪ ইং |
| সময়ঃ | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থানঃ | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ |
| উপস্থিতিঃ | সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হলো। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব কে অনুরোধ জানান। সদস্য-সচিব বিগত ২৩-০৫-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণের জন্য অনুরোধ করেন। সভায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সদস্য সচিব জানান দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি ৪৯৭৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০২১ হতে জুন, ২০২৪ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি সরকার কর্তৃক অনুমোদিত হয়। এছাড়া তিনি আরো জানান, প্রকল্পটি গত ১৮/০৭/২০২১ তারিখে ২৯২নং স্মারকে অনুমোদিত হয়েছে। সভায় প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের শুরু থেকে আগস্ট/২৪ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২১৫৮.০৭ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ৪৩.৪০% এবং বাস্তব অগ্রগতি ৫০%। চলতি ২০২৪-২৫ অর্থবছরে এডিপি বরাদ্দ রয়েছে ১০০০.০০ লক্ষ টাকা। আগস্ট ২০২৪ পর্যন্ত কোন অর্থ ছাড় হয়নি। চলতি অর্থ বছরের আগস্ট/২৪ মাস পর্যন্ত ০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার আর্থিক অগ্রগতি ০.০০% এবং বাস্তব অগ্রগতি ৭%।

প্রকল্প পরিচালক জানান, "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ের কার্যালয় হতে চলতি ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ফার্মিং পদ্ধতিতে ২২৬ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ২২৬ বিঘা জমিতে তুঁতচারা রোপণ করা হবে ; ৫৫০ জন রেশম চাষী/উদ্যোক্তাদের মাঝে পলুপালন সরঞ্জামাদি প্রদান; ১২০ বিঘা জমির তুঁতবাগান রক্ষণাবেক্ষণ করা হবে; ১৫০ জন রেশম চাষী/উদ্যোক্তাকে ১৫০টি পলুঘর নির্মাণের আর্থিক সহায়তা মঞ্জুরীর ভিত্তিতে মোবাইল ফাইন্যান্সিং সার্ভিস (নগদ/বিকাশ) এর মাধ্যমে প্রদান করা হবে; তুঁতচারা উৎপাদনের লক্ষ্যে ১০০ বিঘা জমিতে তুঁতকাটিংস রোপন করা হবে; রেশম চাষীদের দ্বারা উৎপাদিত ১৮,৭৫০ কেজি রেশম গুটি ন্যায্য মূল্যে রেশম চাষীদের নিকট হতে ক্রয় করা হবে এবং ১,১০৫ জন রেশম চাষী ও আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত কর্মচারীগণকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ (TOT) প্রদান করা হবে। বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থবছরের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হবে।

জনাব মোছাঃ রাবেয়া আকতার, উপ প্রধান শিল্প ও শক্তি বিভাগ, প্লানিং কমিশন জানান যে, প্রকল্পটি ২ বছর বৃদ্ধির বিষয়টি অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে মর্মে জানান।

জনাব মোঃ হেলাল খান, সহকারী পরিচালক জানান প্রকল্পের মেয়াদ ২ বছর বর্ধিত হবে সেক্ষেত্রে ইতোমধ্যে ৩ মাস অতিবাহিত হয়েছে বাকী সময়ে প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করার পরিকল্পনা গ্রহণ করতে হবে। তিনি প্রকল্পের e-pmis সংক্রান্ত সকল তথ্য উপাত্ত আপডেট করার জন্য প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাদের দিয়ে বাস্তবায়ন করতে হবে মর্মে জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মিতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

(১) সংশোধিত প্রকল্পের দ্রুত অনুমোদনের জন্য নিরবচ্ছিন্ন ভাবে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে।

(২) প্রকল্পের সকল তথ্য e-pmis system এ এন্ট্রি প্রদান সম্পন্ন করতে হবে।

(৩) চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.৯.২৪

(মোঃ আনওয়ার হোসেন)
মহাপরিচালক
ফোন:- ০৭২১৭৭৫৮১৬
ফ্যাক্স:- ০৭২১৭৭৩৫৯২
ইমেইল:- bsb.raj.bd@gmail.com

স্মারক নং: ২৪.০৬.০০০০.০১৩.১৪.১৩২.২১-০৬

তারিখ: ২৬/০৯/২০২৪খ্রিঃ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
২। সচিব, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়;
৩। উপসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৪। পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৫। পরিচালক সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;
৭। প্রধান সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন;
৮। প্রধান, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন;
৯। প্রধান, (সংযুক্ত) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ;
১০। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;
১১। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
১২। পি,এ -টু-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

২৬/০৯/২০২৪

ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

C:\Users\Mun\Desktop\PIC 22.9.2024\২য় পিআইসি সভার কার্যবিবরণী 22-09-2024-Final.docx

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

## রাজশাহী

২২/০৯/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)শীর্ষক উন্নয়ন প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ড. এম. এ. মান্নান<br>পরিচালক অর্থ ও পরি. | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | 01712-101391 | [স্বাক্ষর] 22/9/2024 |
| ২. | মোহাম্মদ আব্দুল বারী<br>পরিচালক (সম্প্রসারণ) | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | 01913-252847 | [স্বাক্ষর] 22/9/24 |
| ৩. | মোঃ লুৎফর রহমান তালুকদার<br>নির্বাহী প্রকৌশলী | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড. | 01558352600 | [স্বাক্ষর] 22/9/24 |
| ৪. | মোসাঃ রাবেয়া আক্তার<br>উপ প্রধান শিল্প ও শক্তি বিভাগ | প্ল্যানিং কমিশন | | জুমে যুক্ত হয়েছেন। |
| ৫. | মোঃ হেলাল খান<br>সহকারী পরিচালক | আইএমইডি | | জুমে যুক্ত হয়েছেন। |
| ৬. | সিদ্ধার্থ তালুকদার<br>সিনিয়র সহকারী সচিব | এস ইসিপ প্রকল্পের | | জুমে যুক্ত হয়েছেন। |
| ৭. | মো: আলমগীর হোসেন<br>উপ-প্রধান | কার্যক্রম বিভাগ | | জুমে যুক্ত হয়েছেন। |
| ৮. | মো: মাহবুবুর রহমান<br>প্রকল্প পরিচালক | বা. রে. উ. বো | ০১৭২২-৫২২৮৬৬ | [স্বাক্ষর] |
| ৯. | ড. মো: মিজানুর রহমান<br>উপ-প্রধান পরিকল্পনা কর্মকর্তা | বা. রে. উ. বো. | ০১৭১১৪৮৬৩৪০ | [স্বাক্ষর] 22/9/24 |
| ১০. | মোসাঃ ফারহানা রহমান<br>[illegible] কর্মকর্তা | [illegible] | 01731291957 | ফারহানা 22/9/24 |
| ১১ | | | | |
| ১২. | | | | |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |